

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
শিক্ষা ও সামাজিক সেক্টর  
শের-ই- বাংলা নগর, ঢাকা।  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

**নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):**

**ক. প্রকল্পের বিবরণীঃ**

১.	প্রকল্পের নাম	:	“সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ) ৩য় সংশোধিত” শীর্ষক প্রকল্প।
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	শিক্ষা মন্ত্রণালয়
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৪.	প্রকল্পের অবস্থান	:	মোট ২৫০টি (নতুন-৩৫টি+পুরাতন ২১৫টি) উপজেলা।

**৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও অনুমোদিত ব্যয়**

(লক্ষ টাকা)

অনুমোদনের পর্যায়	মেয়াদ	অনুমোদিত ব্যয়	হ্রাস/বৃদ্ধি	
			মূল ডিপিপি তুলনায়	সর্বশেষ অনুমোদনের তুলনায়
মূল অনুমোদিত	জুলাই, ২০০৮- জুন, ২০১৪	১১৮১৭৬.৩০	৩.৪০%	১৮৭.৭৭%
১ম সংশোধন	জুলাই, ২০০৮- জুন, ২০১৪	১২২১৯৫.৬৫	-	-
২য় সংশোধন	জুলাই, ২০০৮- ডিসেম্বর, ২০১৭	৩৪০০৮০.০০	-	-
৩য় সংশোধন	জুলাই, ২০০৮- ডিসেম্বর, ২০১৭	৩৪০০৮০.০০	-	-
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	-	-	-	-

৬. **ক্রমপুঞ্জিত অগ্রগতি জুন ২০১৬ : আর্থিক ৭১৭১৯.১০ লক্ষ টাকা (৭৮%)**

**৭. প্রকল্পের উদ্দেশ্যঃ**

- শিক্ষার গুণগতমান বিশেষ করে মাধ্যমিক পর্যায়ে (গ্রেড ৬-১০) অতিরিক্ত ক্লাস সংগঠনের মাধ্যমে শিক্ষণ-শিখন প্রক্রিয়ার উন্নয়ন, পাঠাভ্যাস উন্নয়ন ও একাডেমিক কৃতিত্বের ভিত্তিতে প্রণোদনা প্রদান;
- দরিদ্র ছাত্র-ছাত্রীদের বৃত্তি ও প্রণোদনা প্রদান, গ্রামীণ ও সেমিআরবান এলাকার শিক্ষা প্রতিষ্ঠানের বিপরীতে বেতন সুবিধা (টিউশন) প্রদানের মাধ্যমে শিক্ষার ক্ষেত্রে সকলের সমান প্রবেশাধিকার নিশ্চিত করা;

- প্রণোদনা প্রদান এবং একই সঙ্গে অভিভাবক ও কমিউনিটির মধ্যে সচেতনতা সৃষ্টির মাধ্যমে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদের ঝরে পড়ার হার কমানো;
- মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয় ব্যবস্থাপনা, পরিবীক্ষণ ও শিক্ষণ -শিখন ফলাফল মূল্যায়ন সক্ষমতা শক্তিশালী করা;
- বিদ্যালয়ে সুপেয় পানি ও স্যানিটেশন সুবিধা প্রদানের মাধ্যমে নতুন শিক্ষার্থীদের আকর্ষণ করা এবং বিদ্যমান শিক্ষার্থীদের বিশেষ করে ছাত্রীদের ধরে রাখা;
- পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সক্ষমতার উন্নয়ন ও শক্তিশালী করা।

#### ৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- ইম্প্লুভিং এডুকেশন কোয়ালিটি এন্ড মনিটরিং টিচিং লার্নিং লেভেলস;
- সাপোর্ট ফর ইংলিশ ল্যাংগুয়েজ এন্ড ম্যাথমেটিক্স লার্নিং এন্ড টিচিং;
- ডেভেলপটিং দ্যা রিডিং হ্যাবিটস; এবং
- অ্যাসেসমেন্ট অব এডুকেশন কোয়ালিটি।

#### খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

- ৯.০ পরামর্শকের দায়িত্বঃ
- ৯.১ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ প্রাসংগিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৯.২ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;
- ৯.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ( Procurement ) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি ) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা/পর্যবেক্ষণ;
- ৯.৬ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাগুলি যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৯.৭ পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সক্ষমতার উন্নয়ন ও শক্তিশালী করণ বিষয়ে পর্যবেক্ষণ ও মতামত প্রদান;
- ৯.৮ মাধ্যমিক পর্যায়ে বিদ্যালয় ব্যবস্থাপনা, পরিবীক্ষণ ও শিক্ষণ-শিখন ফলাফল মূল্যায়ন সক্ষমতা বিষয়ে অগ্রগতি পর্যালোচনা;
- ৯.৯ প্রকল্পের মাধ্যমে উপবৃত্তি, প্রণোদনা ভাতা, ইত্যাদি প্রদানের ফলে শিক্ষার্থীদের ঝরে পড়ার হার, সুপেয় পানি ও স্যানিটেশন সুবিধা প্রদানের ফলে (যদি থাকে) বিদ্যালয়ে শিক্ষার্থী সংখ্যা বিশেষ করে মেয়ে শিক্ষার্থীর সংখ্যা এবং শিক্ষার্থীদের বই পড়ার অভ্যাস বিষয় পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

- ৯.১০ প্রকল্পের সবল দিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি ( SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রণয়ন;
- ৯.১১ প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৯.১২ পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন; এবং
- ৯.১৩ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

### ১০. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		<ul style="list-style-type: none"> <li>গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০৩(তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন।</li> </ul>
২.	(ক)টিম লিডার:	স্বীকৃত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদ/ বিজনেস স্টাডিজ অনুষদ/ আইবিএ এর যে কোন বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রী। পিএইচডি ডিগ্রী ধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	<ul style="list-style-type: none"> <li>প্রকল্প বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণা এবং এ সংক্রান্ত বিষয়ে কমপক্ষে ১০ (দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>টিম লিডার হিসেবে কাজ করার অভিজ্ঞতা;</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং</li> <li>প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।</li> </ul>
	(খ)শিক্ষাবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে শিক্ষা বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>শিক্ষা গবেষণা ক্ষেত্রে বিশেষ করে মাধ্যমিক শিক্ষা সংক্রান্ত কর্মসূচি ব্যবস্থাপনা/ বাস্তবায়ন বিষয়ে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।</li> </ul>
	(গ) প্রকিউরমেন্ট বিশেষজ্ঞ:	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে অন্ততপক্ষে স্নাতকোত্তর ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>প্রকিউরমেন্ট সংক্রান্ত কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।</li> <li>পিপিআর,পিপিএ এবং উন্নয়ন সহযোগী সংস্থার প্রকিউরমেন্ট গাইডলাইন সম্পর্কে অভিজ্ঞতা।</li> </ul>
	(ঘ)পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা; এবং</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান।</li> </ul>

১১. পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্রমিক	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

১২. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।